গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
food.bishwambarpur.sunamganj.gov.bd

**১৯/০৮/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিশ্বম্ভরপুর উপজেলার খাদ্য বান্ধব কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব সমীর বিশ্বাস ,উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
সভার স্থান : উপজেলা প্রশাসনের সম্মেলন কক্ষ ।
তারিখ : ১৯/০৮/২০২০ খ্রি:
সভার সময় : বিকাল ৩ ঘটিকা।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতি তালিকা -পরিশিষ্ট "ক"-তে দেখানো হলোঃ-**

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি খাদ্য বান্ধব কর্মসূচীর বর্তমান পরিস্থিতি এবং সরকারি নির্দেশনা সভায় উপস্থাপন করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। সদস্য সচিব জানান যে,আগামী ১লা সেপ্টেম্বর/২০২০ থেকে খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় বিশ্বম্ভরপুর উপজেলার পাঁচটি ইউনিয়নে ৫৭৮৮ জন ভোক্তার মধ্যে ১০ টাকা কেজি চাল বিতরণ শুরু হবে। ইতিমধ্যে উপজেলা প্রশাসনের সহযোগিতায় খাদ্য বান্ধব কর্মসূচীর ভোক্তার তালিকা হালনাগাদ করা হয়েছে। বিগত জুন/২০২০ থেকে হালনাগাদের কাজ শুরু করে যাচাই বাছাই শেষে বাদ পড়া ভোক্তার পরিবর্তে ২৬৪ জন ভোক্তার নাম ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটির মাধ্যমে প্রতিস্থাপন করা হয়েছে এবং ১০৬ জন নতুন ভোক্তার নাম সংযোজন করে মোট ৩৭০ জন ভোক্তার নাম অন্তরভুক্ত করে মোট ৫৭৮৮ জনের সংশোধিত হালনাগাদ তালিকা তৈরী করা হয়েছে।

**যাহা ছকের মাধ্যমে উপস্থাপন করা হলো:-**

| ক্রমিক নং | ইউনিয়ন নাম | চলমান পূর্বের ভোক্তার সংখ্যা | যাচাই বাছাই কালে বাদ পড়া ভোক্তার সংখ্যা | সংস্থাপিত ভোক্তার সংখ্যা | নতুন সংযোজিত ভোক্তার সংখ্যা | সংস্থাপিত ও নতুন সংযোজিত মোট ভোক্তার সংখ্যা | বর্তমান মোট ভোক্তার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | সলুকাবাদ | ১৬০০ | ৫৮ | ৫৮ | ২১ | ৭৯ | ১৬২১ |
| ০২ | বাদাঘাট(দ:) | ১৭৭২ | ৩৪ | ৩৪ | ২১ | ৫৫ | ১৭৯৩ |
| ০৩ | পলাশ | ৪১১ | ২০ | ২০ | ২১ | ৪১ | ৪৩২ |
| ০৪ | ধনপুর | ৭২৬ | ৮৭ | ৮৭ | ২১ | ১০৮ | ৭৪৭ |
| ০৫ | ফতেপুর | ১১৭৩ | ৬৫ | ৬৫ | ২২ | ৮৭ | ১১৯৫ |
| | সর্বমোট | ৫৬৮২ | ২৬৪ | ২৬৪ | ১০৬ | ৩৭০ | ৫৭৮৮ |

উক্ত সংশোধিত তালিকা সভার সম্মানিত সদস্যগণের সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হওয়ার পর ঐ তালিকা চূড়ান্ত তালিকা হিসেবে গণ্য করা হবে এবং চূড়ান্ত তালিকা উপজেলা নির্বাহী অফিসারের ওয়েবপোর্টালে, জেলা খাদ্য নিয়ন্ত্রকের ওয়েবপোর্টালে ,উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের ওয়েবপোর্টালে এবং প্রতিটি ইউনিয়নের ওয়েবপোর্টালে আপলোড করা হবে। সদস্য সচিব আরও জানান যে, খাদ্য অধিদপ্তর থেকে ইতিমধ্যে উক্ত কার্যক্রম পরিচালনার করার জন্য আটটি নির্দেশনা পাওয়া গেছে। উক্ত নির্দেশনার আলোকে খাদ্য বান্ধব কার্যক্রম পরিচালনা করতে হবে। সভাপতির অনুমতি ক্রমে উপস্থিত অন্যান্য সদস্যরাও আলোচনার শেষে খাদ্য অধিদপ্তরের নির্দেশনার সাথে সহমত পোষণ করেন।পরবর্তিতে সভাপতি উক্ত কর্মসূচীর কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করেন। আলোচনা শেষে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:-

(১) চলমান খাদ্য বান্ধব কর্মসূচীর তালিকা যাচাই বাছাই শেষে যে চূড়ান্ত হালনাগাদ তালিকা তৈরী করা হয়েছে। সভায় তা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) খাদ্য বান্ধব কর্মসূচীর কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে খাদ্য অধিদপ্তর থেকে যে, আটটি নির্দেশনা পাওয়া গেছে তা যাথাযত ভাবে প্রতিপালন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) খাদ্য বান্ধব কর্মসূচী যেহেতু চলমান প্রক্রিয়া সেহেতু তালিকার কোন ভোক্তা মৃত্যু বরণ করলে অথবা স্থানান্তরিত হয়ে অন্যত্র চলে গেলে তার পরিবর্তে ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটির মাধ্যমে প্রতিস্থাপিত নাম উপজেলা খাদ্য বান্ধব কমিটি অনুমোদন করার পর চূড়ান্তর তালিকার সঙ্গে সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটির সম্মানিত সদস্যগণ এবং উপজেলার খাদ্য বান্ধব কমিটির সম্মানিত সদস্যগণ সময়ে সময়ে উক্ত কার্যক্রম দেখাশুনা করার জন্য এবং অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সভাপতিকে অবহিত করার সিদ্ধান্ত গহীত হয়।

(৫) খাদ্য বান্ধব কর্মসূচীর চলমান থাকার সময় ইউনিয়ন ভিত্তিক ট্যাগ অফিসার ও মনিটরিং অফিসার নিয়োগ করে তদারকির দায়িত্ব দেয়ার জন্য সভাপতিকে সভায় অনুরোধ জানানো হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় খাদ্য বান্ধব কর্মসূচী যাতে সুষ্ঠভাবে পরিচালিত হয়, সেদিকে ইউনিয়ন ও উপজেলা কমিটির সদস্যদেরকে সর্বদা নজর রাখার অনুরোধ জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সমীর বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা খাদ্য বান্ধব কমিটি
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ১৩০৭.৯০১৮.০০৮.৬৮.০০১.১৮. ৯৮০ (১১)

তারিখ: ১৯ /০৮/ ২০২০খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ – ৪ , প্রধান উপদেষ্টা।
২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৪ .চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর।
৫.জেলা খাদ্য নিয়ন্ত্রক ,সুনামগঞ্জ।
৬. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর।
৭. উপজেলা ..............................কর্মকর্তা ও সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি।
৮. ইউনিয়ন...............................কমিটি (সকল) ,বিশ্বম্ভরপুর।
৮.চেয়াম্যান,সলুকাবাদ/পলাশ/ধনপুর/বাদাঘাট(দঃ),ফতেপুর ইউপি,বিশ্বম্ভরপুর।
৯. জনাব,স্বপন কুমার বর্মন সভাপতি প্রেস ক্লাব ,বিশ্বম্ভরপুর।
১১.অফিস কপি

(রূপক রঞ্জন তালুকদার)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা খাদ্য বান্ধব কমিটি
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

পরিষ্ট-ক

১৯/০৮/২০২০ খ্রিঃ তারিখের মাসিক সমন্বয় সভার উপস্থিতি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক নং — নাম পদবী ও কর্মস্থল

১। জনাব, দীপক কুমার দাস , সদস্য ,উপজেলা কৃষি কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

২। জনাব, রূপক রঞ্জন তালুকদার,সদস্য সচিব,উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

৩। জনাব, জামান আহম্মেদ,সদস্য,উপজেলা সমাজসেবা কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

৪। জনাব, মো:জাহাঙ্গীর হোসেন,সদস্য, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

৬। জনাব, শফিকুল ইসলাম,সদস্য, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

৭। জনাব, স্বপন কুমার বর্মন, সদস্য, উপজেলা প্রেসক্লাব (সভাপতি),বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

৮। জনাব,হযরত আলী,চেয়ারম্যান,ধনপুর ইউনিয়ন পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

৯। জনাব, রনজিত চৌধুরী,চেয়ারম্যান, ফতেপুর ইউনিয়ন পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

১০। জনাব, এরশাদ মিয়া,চেয়ারম্যান,বাদাঘাট(দ:) ইউনিয়ন পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।